

ফরম-৩

[বিধি ৪(৫) দ্রষ্টব্য]

মাদকদ্রব্য আমদানী/রপ্তানীর ছাড়পত্র ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৪ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা -----
নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ----- তারিখের
----- আবেদনের প্রেক্ষিতে এতদ্বারা মাদকদ্রব্য আমদানী/রপ্তানীর ছাড়পত্র প্রদান
করিলঃ

- ১। ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নামঃ-----
- ২। ঠিকানা :
অফিসঃ -----
ব্যবসা স্থানঃ -----
- ৩। আমদানী/রপ্তানী লাইসেন্স ও আমদানী/রপ্তানী পারমিট নংঃ -----
প্রদানকারী কর্তৃপক্ষঃ -----
- ৪। ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ -----
- ৫। রপ্তানিকারক/আমদানিকারকের নামঃ -----
প্রতিষ্ঠানের নামঃ -----
ঠিকানাঃ -----
- ৬। আমদানী/রপ্তানীর জন্য নির্বাচিত মাদকদ্রব্য এবং উহার উপাদান ও উপকরণসমূহের বিস্তারিত
বিবরণ ও পরিমাণঃ -----

- ৭। মোট মূল্যঃ -----
- ৮। অর্থের উৎসঃ -----
- ৯। আমদানী/রপ্তানীর রুটঃ -----
- ১০। প্রবেশ বন্দর/নির্গমন বন্দরঃ -----
- ১১। ইন্ডেন্টরের নাম, ঠিকানা, লাইসেন্স নংঃ -----

- ১২। ছাড়পত্রের মেয়াদঃ -----

শর্তাবলীঃ

১. এই আমদানী/রপ্তানীর ছাড়পত্র অন্য কাহাকেও হস্তান্তর করা যাইবে না ।
২. এই ছাড়পত্র একবারের বেশি ব্যবহার করা যাইবে না ।
৩. এই ছাড়পত্রের মাধ্যমে আমদানিকৃত মাদকদ্রব্য বা উহার উপাদান, উপকরণ এই ছাড়পত্রের
জন্য আবেদন পত্রে উল্লিখিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোনরূপে ব্যবহার করা যাইবে না ।

৪. এই ছাড়পত্রের মাধ্যমে আমদানী/রপ্তানীর ক্ষেত্রে যাবতীয় আর্থিক ও আইনগত দায়দায়িত্ব আমদানী/রপ্তানীকারকের থাকিবে।
৫. এই ছাড়পত্রের বর্ণিত রুট এবং প্রবেশ ও নির্গমন বন্দর ব্যতীত অন্য কোন রুট বা বন্দর ব্যবহার করা যাইবে না।
৬. নির্ধারিত সময়ের মধ্যে এই ছাড়পত্র ব্যবহার করা না হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে। উপযুক্ত কারণ দর্শাইলে প্রদানকারী কর্তৃপক্ষ উহা নবায়ন করিতে পারিবে। তবে একবারের বেশী কোন ছাড়পত্র নবায়ন করা যাইবে না।
৭. এই ছাড়পত্রের মাধ্যমে কোন মাদকদ্রব্য/মাদকদ্রব্যের উপাদান বা উপকরণ আমদানী বা রপ্তানী করিতে হইলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানী-রপ্তানী নীতিমালা এবং শুল্ক, আবগারী ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।
৮. যে কোন যুক্তিসংগত কারণে এই ছাড়পত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে উহার প্রদানকারী কর্তৃপক্ষ বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর
পদবী ও সিলমোহর।

- * এই ছাড়পত্রের উপরের দিকে বাম কোণে প্রদানকারী কর্মকর্তার অফিসের সীল মোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।
- * কোন কারণে এই ছাড়পত্র ব্যবহার করা না হইলে উহা অবশ্যই সময়সীমা পার হইবার পর প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ফেরত দিতে হইবে।